



## উচ্ছেদ হওয়া হকারদের বিকল্প স্থানে পুনর্বাসনের তাগিদ প্রধানমন্ত্রীর



সংগৃহীত ছবি

ঢাকা শহরের সড়ক থেকে উচ্ছেদ হওয়া হকারদের দ্রুত পুনর্বাসনের ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সংস্থাগুলোকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে তিনি এ নির্দেশনা দেন বলে প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়। সেখানে তিনি জানান, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সিটি করপোরেশন ও অন্যান্য সংস্থার মধ্যে সমন্বয় করে দ্রুত বিকল্প স্থানের ব্যবস্থা করতে হবে।

প্রধানমন্ত্রীর মতে, যেসব হকার উচ্ছেদ হয়েছেন তাদের এমন জায়গায় বসানোর ব্যবস্থা করতে হবে যেখানে তারা স্বাভাবিকভাবে ও সম্মানজনক পরিবেশে ব্যবসা চালিয়ে যেতে পারেন। পুনর্বাসন প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে হকারদের নিবন্ধনের মাধ্যমে পরিচয়পত্র দেওয়ার বিষয়েও সিদ্ধান্ত হয়, যাতে তাদের কার্যক্রম নিয়ন্ত্রণ ও শৃঙ্খলিত রাখা যায়।

এছাড়া বৈঠকে রাজধানীর বিভিন্ন সড়কে যানজট কমানোর বিষয়েও গুরুত্ব দেওয়া হয়। বিশেষ করে স্কুল-কলেজ গুরুর ও ছুটির সময়ে রাস্তার চাপ কমাতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের সামনে অবৈধ বা অনিয়ন্ত্রিত পার্কিং কমাতে স্কুলের নিজস্ব মাঠের একটি অংশ পার্কিংয়ের জন্য ব্যবহারের সম্ভাবনাও আলোচনায় আসে।

সম্প্রতি ঢাকা উত্তর সিটি করপোরেশনের মিরপুর-১ এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মতিঝিল, বায়তুল মোকাররম, পল্টন ও গুলিস্তানসহ বিভিন্ন এলাকা থেকে হকার উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়েছে।

উক্ত বৈঠকে স্থানীয় সরকার বিভাগ, দুই সিটি করপোরেশন, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশসহ (ডিএমপি) বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর মধ্যে স্থানীয় সরকার বিভাগের সচিব, রাজউক চেয়ারম্যান, দুই সিটি করপোরেশনের প্রশাসক, ডিএমপির ভারপ্রাপ্ত কমিশনার এবং ট্রাফিক বিভাগের প্রতিনিধিরা অংশ নেন।